গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর

রংপুর।

rangpur.ccie.gov.bd

স্মারক নং- ২৬.০৩.১৭০০.০০১.৩৭.০২৩.২৩/১৬৮ তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিঃ

সূত্র: প্রণিক দপ্তর পত্র নং: ২৬.০৩.০০০০.০০২.৯৮.০০২.২৩.৩৩ তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

**গণবিজ্ঞপ্তি নং ০৩**

**বিষয়: আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর গেজেট অনুসারে আমদানি ও রপ্তানি নিবন্ধন সনদ নবায়ন প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর গেজেট গত জানুয়ারি ০৩, ২০২৪ তারিখ প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটের অনুচ্ছেদ ৮ (১) ও ৮ (২) – এ বর্ণিত বিধান রয়েছে:

"৮। **নিবন্ধন সনদ নবায়ন। - (১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে অনলাইনে ফরম-৩ অনুয়ায়ী উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে।**

(২) যদি কোন আবেদনকারী উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি, তফসিলে উল্লিখিত বিলম্ব পি প্রদান সাপেক্ষে, নিবন্ধন সনদ নবায়ন জন্য আবেদন করিতে পারিবেন।"

বর্ণিত বিধানের প্রেক্ষিতে, সকল আমদানিকারক, রপ্তানিকারক, ইন্ডেন্টর এর সুবিধা অনুযায়ী সনদ প্রাপ্তির পর বছরের যে কোন সময় ১ থেকে ৫ বছর মেয়াদে নবায়নের আবেদন করা যাবে। তবে সনদের মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিন পূর্বে আবেদন করলে কোন সারচার্জ দিতে হবে না। কিন্তু মেয়াদ থাকা সত্ত্বেও **৬০ (ষাট) দিন পূর্বে নবায়নের আবেদন না করলে পরবর্তী সময়ে তফসিল সারচার্জ অনুযায়ী বিলম্ব ফি প্রদান করতে হবে।**

২। উল্লেখ্য, সকল প্রকার নিবন্ধন সনদ জারি ও নবায়নের ফি OLM এর মাধ্যমে আবেদনের সময় অনলাইনেই প্রদান করতে হবে। কোন প্রকার ম্যানুয়াল চালান গ্রহণ করা হবে না।

**৩। উল্লিখিত প্রেক্ষাপটে, সেবা গ্রহণের সুবিধার্থে সকল আমদানিকারক/রপ্তানিকারককে তাঁদের নিবন্ধন সনদের মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিন পূর্বেই নবায়নের আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

২৭.০৩.২৪

(মোঃ সফিউল আলম)
নির্বাহী অফিসার ও অফিস প্রধান
আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর
রংপুর।
ফোন- ০২৫৮৯৯৬২৫৯৬
E-mail: eo1.rangpur@ccie.gov.bd